

# 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫১৫১

৩৮/ সালাম (کتاب الأدب)

পরিচ্ছেদঃ ৩০. কুল বৃক্ষ কাটা- সম্পর্কে।

باب فِي قَطْعِ السِّدْرِ

### আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ بْنِ مَيْسَرَةَ، وَحُمَيْدُ بْنُ مَسْعَدَةَ، قَالاَ حَدَّثَنَا حَسَّانُ بْنُ إِبْرَاهِيمَ، قَالَ سَأَلْتُ هِشَامَ بْنَ عُرْوَةَ عَنْ قَطْعِ السِّدْرِ، وَهُوَ مُسْتَنِدٌ إِلَى قَصْرِ عُرْوَةَ فَقَالَ أَترَى هَذِهِ الأَبْوَابَ وَالْمَصَارِيعَ إِنَّمَا هِيَ مِنْ سِدْرِ عُرْوَةَ كَانَ عُرْوَةُ يَقْطَعُهُ مِنْ أَرْضِهِ وَقَالَ لاَ هَذِهِ الأَبْوَابَ وَالْمَصَارِيعَ إِنَّمَا هِيَ مِنْ سِدْرِ عُرْوَةَ كَانَ عُرْوَةُ يَقْطَعُهُ مِنْ أَرْضِهِ وَقَالَ لاَ بَالْسَ بِهِ . زَادَ حُمَيْدٌ فَقَالَ هِيَ يَا عِرَاقِيُّ جِئْتَنِي بِبِدْعَةٍ قَالَ قُلْتُ إِنَّمَا الْبِدْعَةُ مِنْ قِبَلِكُمْ سَمَعْتُ مَنْ يَقُولُ بِمِكَّةَ لَعَنَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم مَنْ قَطَعَ السِّدْرَ . ثُمَّ سَاقَ مَعْنَاهُ .

#### বাংলা

৫১৫১. উবায়দুল্লাহ ইবন উমার (রহঃ) ...... হুসায়ন ইবন ইবরাহীম (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি হিশাম ইবন উরওয়া (রহঃ)-কে কুল গাছ কাটা সম্পর্কে জিজ্ঞাসা করি, আর এ সময় তিনি উরওয়ার প্রাসাদে হেলান দিয়ে বসে ছিলেন। তিনি বলেনঃ তোমরা যে দরজা ও চৌকাঠ দেখছো, তা উরওয়া কুল বৃক্ষের কাঠ দিয়ে তৈরী করেছেন, আর তিনি তা তাঁর যমীন থেকে কেটে আনেন। এরপর তিনি বলেনঃ এতে কোন ক্ষতি নেই।

রাবী হামীদ (রহঃ) এরূপ অতিরিক্ত বর্ণনা করেছেন যে, তখন হিশাম (রাঃ) বলেনঃ হে ইরাকী! তুমি আবার কি বিদ'আত নিয়ে আসলে?

রাবী হুসায়ন (রহঃ) বলেনঃ তখন আমি বলিঃ এ বিদ'আত তো আপনাদের তৈরী। কেননা, আমি শুনেছি, মক্কাতে কেউ কেউ এরূপ বলেঃ যে ব্যক্তি কুল গাছ কাটে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে লা'নত করেছেন। এরপর পূর্ববর্তী হাদীছের অনুরূপ হাদীছে বর্ণিত হয়েছে।

## **English**

#### Narrated Hassan ibn Ibrahim:



I asked Hisham ibn Urwah about the cutting of a lote-tree when he was leaning against the house of Urwah. He said: Do you not see these doors and leaves? These were made of the lote-tree of Urwah which Urwah used to cut from his hand? He said: There is no harm in it.

Humayd's version adds: You have brought an innovation, O Iraqi! He said: The innovation is from you. I heard someone say at Mecca: The Messenger of Allah (ﷺ) cursed him who cuts a lote-tree. He then mentioned the rest of the tradition to the same effect.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন